ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪২৩
খোয়াই, ২৮ অক্টোবর, ২০২৫

**খোয়াই জেলার বিভিন্ন স্ব-সহায়ক দলের সদস্য-সদস্যাদের প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনার আওতায় আনা হয়েছে**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের খোয়াই জেলা মিশন ম্যানেজমেন্টের উদ্যোগে জেলার ৬টি এলাকার মোট ২২৯টি ভিলেজ অর্গানাইজেশনের অন্তর্গত বিভিন্ন স্বসহায়ক দলের মোট ৩২ হাজার ১৬৬ জন সদস্য-সদস্যাকে প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনার আওতায় আনা হয়েছে। এরমধ্যে কল্যাণপুর ব্লকে ৫ হাজার ৭৫ জন, খোয়াই ব্লকে ৬ হাজার ৬১২ জন, মুঙ্গিয়াকামী ব্লকে ২ হাজার ৪১০ জন, পদ্মবিল ব্লকে ৪ হাজার ৭০৮ জন, তেলিয়ামুড়া ব্লকে ৭ হাজার ৪০৩ জন ও তুলাশিখর ব্লকে ৫ হাজার ৯৫৮ জন রয়েছেন। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের খোয়াই জেলা মিশন ম্যানেজমেন্ট কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****